দৈনিক ইত্তেফাক
তারিখ 19 FEB 1995
পৃষ্ঠা ১ কলাম ৮

৩০

# ৩টি গুরুত্বপূর্ণ পদ শূন্য

রেজানুর রহমান ।। ঢাকা বিশ্ববিদ্যালয়সহ দেশের ৩টি প্রতিষ্ঠানে গুরুত্বপূর্ণ ৩টি পদ শূন্য পড়িয়া আছে। প্রো-ভিসি, ঢাকা বিশ্ববিদ্যালয়ের একটি গুরুত্বপূর্ণ

(২য় পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## ৩টি গুরুত্বপূর্ণ পদ

(১ম পৃঃ পর)

কর্মকর্তা। অথচ এই পদটিতে এখন কেহ দায়িত্ব পালন করিতেছেন না। বাংলাদেশ টেলিভিশনে মহাপরিচালক ও ঢাকা বোর্ডে চেয়ারম্যান'-এর মত গুরুত্বপূর্ণ পদ দুইটিতেও এখন কেহ দায়িত্বে নাই।

ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভিসির পরেই প্রো-ভিসির অবস্থান। প্রো-ভিসি পদাধিকার বলে ফিনান্স কমিটি ও শিক্ষক নিয়োগের মত কার্যাবলীসহ প্রশাসনিক অন্যান্য দায়িত্ব পালন করিয়া থাকেন। ১৭ই ডিসেম্বর সাবেক প্রো-ভিসি প্রফেসর ওয়াকিল আহমেদের ৪বছরের মেয়াদকাল শেষ হইয়াছে। তিনি ফিরিয়া গিয়াছেন তাহার পুরাতন কর্মস্থল বাংলা বিভাগে। প্রায় দুই-মাস হইতে প্রো-ভিসির পদটি খালি পড়িয়া আছে। পদটি লাভের জন্য বিশ্ববিদ্যালয়ের কয়েকজন শিক্ষক-শিক্ষিকা জোর চেষ্টা চালাইয়া যাইতেছেন।

'মহাপরিচালক' এই পদটি বাংলাদেশ টেলিভিশনের এক নম্বর পদ। ৩১শে জানুয়ারী পর্যন্ত এই পদটির দায়িত্বে ছিলেন হাবিবুর রহমান। তাঁহাকে এক বছরের জন্য চুক্তিভিত্তিক নিয়োগ করা হইয়াছিল। চুক্তির মেয়াদ শেষে তিনি চলিয়া গিয়াছেন। গত ১৮ দিনেও এই পদটিতে কাহাকেও নিয়োগ দেওয়া হয় নাই।

ঢাকা বোর্ডের চেয়ারম্যান পদটি খালি হয় ১৪ই জানুয়ারী। ঢাকা কলেজের সাবেক অধ্যক্ষ প্রফেসর লতিফুর রহমান চেয়ারম্যান পদ হইতে অবসর নেন এই তারিখে। ইহার পর হইতে পদটির দায়িত্ব (ভারপ্রাপ্ত) পালন করিতেছেন বোর্ডের সেক্রেটারী কামরুল হুদা।

একটি সূত্র জানায় গুরুত্বপূর্ণ এই ৩টি পদে নিয়োগ লাভের জন্য জোর লবিং শুরু হইয়াছে। প্রার্থীর 'বিশেষ যোগ্যতা' খুঁজিয়া বাহির করার জন্য নিয়োগ বিলম্ব হইতেছে।